**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস
প্রশাসন শাখা
www.dmlc.gov.bd

নম্বর-২৩.২২.২৬০৮.০০০.০১১.১১.০০৫২.২৬-৬৪৩

তারিখঃ ১০ আষাঢ় ১৪৩৩
২৪ জুন ২০২৬

## অফিস আদেশ

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০ অনুযায়ী সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর ও এর আওতাধীন সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরসমূহে রাজস্বখাতভুক্ত উচ্চমান সহকারী এর ০২টি, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর এর ০১টি, সার্ভেয়ার ড্রাফটসম্যান এর ০৩টি, এমই ওভারশিয়ার এর ০৩টি এবং চেইনম্যান এর ০৩টি পদসহ সর্বমোট ১২টি পদের বিপরীতে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে তাঁদের নামের পাশে উল্লেখিত দপ্তরে শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে এ অফিস আদেশের ০৩ নং অনুচ্ছেদে বর্ণিত প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো।

### শর্তাবলী

(ক) সরকার/কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত মৌলিক প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;

(খ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিশকাল বর্ধিত করতে পারবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(গ) শর্তাবলী (ক) এ উল্লিখিত মৌলিক প্রশিক্ষণ সাফল্যের সাথে ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে এবং (খ) এ উল্লিখিত শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) চাকরি সন্তোষজনক না হলে ১৪ (চৌদ্দ) দিনের আগাম নোটিশ প্রদান সাপেক্ষে চাকরি হতে অব্যাহতি প্রদান করা যাবে। অনুরূপভাবে চাকরি হতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে ১৪ (চৌদ্দ) দিনের আগাম নোটিশ প্রদান করতে হবে অথবা ১৪ (চৌদ্দ) দিনের বেতন সমর্পণ করতে হবে। ইস্তফাপত্র গৃহীত হওয়ার পূর্বে বর্ণিত প্রাপ্য অর্থ ফেরত না দিলে আইনগত/শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

(ঙ) তাঁর ইস্তফা সরকার/অধিদপ্তর কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ The Public Demands Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের সুপারিশকৃত ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) পরবর্তীতে যে কোন সময় প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোন ক্ষেত্রে যেমন, যাচিত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে যে কোনো আইনানুগ/উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(জ) এ অফিস আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, অফিস আদেশ ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ঝ) পুলিশ তদন্ত প্রতিবেদন গ্রহণের লক্ষ্যে প্রার্থী কর্তৃক পুলিশ তদন্ত প্রতিবেদন সম্পর্কিত ০২ (দুই) প্রস্থ ফরম পূরণপূর্বক যোগদানের পরবর্তী ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করতে হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। শারীরিক যোগ্যতা এবং প্রাক-চরিত্র সম্পর্কিত পুলিশ তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোন নোটিশ প্রদান ব্যতিরেকেই চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঞ) সংশ্লিষ্ট সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্য সনদ গ্রহণপূর্বক যোগদানপত্রের সঙ্গে দাখিল করতে হবে;

(ট) চাকরির অন্যান্য শর্তাবলী বিএসআর ও সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত ও প্রযোজ্য বিধি-বিধান অনুযায়ী পরিচালিত হবে;

(ঠ) যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, নাগরিকত্ব সনদ, জন্ম নিবন্ধন সনদ ও জাতীয় পরিচয়পত্রের কপি প্রদর্শন করতে হবে;

(ড) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ঢ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাঁর ও তাঁর পরিবারের সদস্যদের মালিকানাধীন/দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র

তাঁকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট দপ্তরে জমা দিতে হবে। এ ছাড়া ১৩ (২) উপবিধি অনুযায়ী প্রতি পাঁচ বছর পর পর ডিসেম্বর মাসে প্রদর্শিত সম্পত্তির হ্রাস/বৃদ্ধির হিসাব বিবরণী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জমা দিতে হবে;

(ণ) চাকরিতে যোগদানের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০২। উপর্যুক্ত শর্তসমূহ তাঁর নিকট গ্রহণযোগ্য হলে **আগামী ০১ জুলাই ২০২৬/১৭ আষাঢ় ১৪৩৩ তারিখ পূর্বাহ্নে** পদায়নকৃত কর্মস্থলের অফিস প্রধানের নিকট যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচনা করে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর এবং এর আওতাধীন সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরসমূহের উচ্চমান সহকারী এর ০২টি, সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর এর ০১টি, সার্ভেয়ার ড্রাফটসম্যান এর ০৩টি, এমই ওভারশিয়ার এর ৩টি এবং চেইনম্যান এর ০৩টি পদসহ মোট ১২ জন প্রার্থীকে তাদের নামের পাশে বর্ণিত বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) ও কর্মস্থলে পদায়ন করা হলো।

## পদের নাম: উচ্চমান সহকারী

| ক্র. নং | রোল নম্বর | প্রার্থী, মাতা ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | বেতন স্কেল ও গ্রেড | পদায়নকৃত কর্মস্থলের নাম |
|---|---|---|---|---|---|
| ১ | 1000074 | জনাব মোঃ নাজমুল হুদা<br>মাতা: মোছাঃ নাছিমা খাতুন<br>পিতা: মোঃ মজিবর রহমান | গ্রাম: ছোট পাথাইল হাট<br>ডাকঘর: নাগডেমরা (৬৬৭০)<br>থানা/উপজেলা: সাঁথিয়া<br>জেলা: পাবনা | ১০,২০০-২৪,৬৮০/-<br>১৪তম গ্রেড | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর<br>ইস্টার্ন সার্কেল, চট্টগ্রাম সেনানিবাস |
| ২ | 1000391 | জনাব মোঃ নুর আলম<br>মাতা: নাজমা আক্তার<br>পিতা: মোঃ তোফায়েল আহমেদ | গ্রাম: মাওড়া<br>ডাকঘর: কাজলা (২৩১০)<br>থানা/উপজেলা: ইটনা<br>জেলা: কিশোরগঞ্জ | | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর<br>সিলেট সার্কেল, সিলেট সেনানিবাস |

## পদের নাম: সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর

| ক্র. নং | রোল নম্বর | প্রার্থী, মাতা ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | বেতন স্কেল ও গ্রেড | পদায়নকৃত কর্মস্থলের নাম |
|---|---|---|---|---|---|
| ১ | 2000116 | জনাব মোবারক মিয়া<br>মাতা: কমা আক্তার<br>পিতা: হাবলু মিয়া | গ্রাম: রাউতি<br>ডাকঘর: বানাইল (২৩১৬)<br>থানা/উপজেলা: তাড়াইল<br>জেলা: কিশোরগঞ্জ | ১০,২০০-২৪,৬৮০/-<br>১৪তম গ্রেড | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর<br>নর্দার্ণ সার্কেল, বগুড়া সেনানিবাস |

## পদের নাম: সার্ভেয়ার ড্রাফটসম্যান

| ক্র. নং | রোল নম্বর | প্রার্থী, মাতা ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | বেতন স্কেল ও গ্রেড | পদায়নকৃত কর্মস্থলের নাম |
|---|---|---|---|---|---|
| ১ | 3000049 | জনাব ইসতিয়াক আহম্মেদ নাছিপ<br>মাতা: নিপা বেগম<br>পিতা: মোঃ সাগীর আহম্মেদ | গ্রাম: দিঘলিয়া<br>ডাকঘর: কোলা দিঘলিয়া (৭৫১০)<br>থানা/উপজেলা: লোহাগড়া<br>জেলা: নড়াইল | ১০,২০০-২৪,৬৮০/-<br>১৪তম গ্রেড | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর<br>নর্দার্ণ সার্কেল, বগুড়া সেনানিবাস |
| ২ | 3000226 | জনাব মোঃ মাজহারুল ইসলাম<br>মাতা: মোসাঃ নারগিস বেগম<br>পিতা: রুহুল আমিন | গ্রাম: গোপালনগর<br>ডাকঘর: ব্রাহ্মণপাড়া (৩৫২৬)<br>থানা/উপজেলা: ব্রাহ্মণপাড়া<br>জেলা: কুমিল্লা | | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর<br>সেন্ট্রাল সার্কেল, ঢাকা সেনানিবাস |
| ৩ | 3000272 | জনাব মোঃ ইকবাল হোসেন<br>মাতা: মোসাঃ খাদিজা বেগম<br>পিতা: সিরাজুল ইসলাম | গ্রাম: মোস্তফাপুর<br>ডাকঘর: ছোট শরীফপুর (৩৫৭৩)<br>থানা/উপজেলা: লালমাই<br>জেলা: কুমিল্লা | | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর<br>সিলেট সার্কেল, সিলেট সেনানিবাস |

## পদের নাম: এমই ওভারশিয়ার

| ক্র. নং | রোল নম্বর | প্রার্থী, মাতা ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | বেতন স্কেল ও গ্রেড | পদায়নকৃত কর্মস্থলের নাম |
|---|---|---|---|---|---|
| ১ | 4000003 | জনাব মোঃ গোলাম রাব্বুল<br>মাতা: নাজমা বেগম<br>পিতা: মোঃ নুরুল ইসলাম | গ্রাম: তেলিকান্দা<br>ডাকঘর: গোতাশিয়া (১৬৫০)<br>থানা/উপজেলা: মনোহরদী<br>জেলা: নরসিংদী | ৯,০০০-২১,৮০০/-<br>১৭তম গ্রেড | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর<br>সিলেট সার্কেল, সিলেট সেনানিবাস |
| ২ | 4000007 | জনাব সুমন্ত সরকার<br>মাতা: অন্জনা সরকার<br>পিতা: সুশান্ত সরকার | গ্রাম: ইসলামপুর<br>ডাকঘর: একতারপুর হাট (৭০২০)<br>থানা/উপজেলা: খোকসা<br>জেলা: কুষ্টিয়া | | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর<br>নর্দার্ণ সার্কেল, বগুড়া সেনানিবাস |
| ৩ | 4000089 | জনাব অপূর্ব কুমার মজুমদার<br>মাতা: সীতা রাণী<br>পিতা: বিমল কুমার মজুমদার | গ্রাম: কৈখালী<br>ডাকঘর: মাথাভাঙ্গা (৭৪০০)<br>থানা/উপজেলা: সদর যশোর<br>জেলা: যশোর | | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর<br>ইস্টার্ন সার্কেল, চট্টগ্রাম সেনানিবাস |

## পদের নাম: চেইনম্যান

| ক্র. নং | রোল নম্বর | প্রার্থী, মাতা ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | বেতন স্কেল ও গ্রেড | পদায়নকৃত কর্মস্থলের নাম |
|---|---|---|---|---|---|
| ১ | 5000067 | জনাব ইকরামুল হোসেন<br>মাতা: রাশিদা বেগম<br>পিতা: বাবলুর রশিদ | গ্রাম: বড়-পাথাইলহাট<br>ডাকঘর: সিলন্দা (৬৬৭০)<br>থানা/উপজেলা: সাঁথিয়া<br>জেলা: পাবনা | ৯,০০০-২১,৮০০/-<br>১৭তম গ্রেড | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর<br>ইস্টার্ন সার্কেল, চট্টগ্রাম সেনানিবাস |
| ২ | 5000123 | জনাব মোঃ মেহেদি হাসান মিম<br>মাতা: মোছাঃ সালেহা বেগম<br>পিতা: মোঃ কায়দুল হক | গ্রাম: দক্ষিণ বটিনা, ফাড়াবাড়ী<br>ডাকঘর: ফাড়াবাড়ী (৫১০০)<br>থানা/উপজেলা: ঠাকুরগাঁ সদর<br>জেলা: ঠাকুরগাঁও | | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর<br>সেন্ট্রাল সার্কেল, ঢাকা সেনানিবাস |
| ৩ | 5000192 | জনাব মোঃ সাজিদ হাসান<br>মাতা: মোছাঃ জাহেদা খাতুন<br>পিতা: গোলাম মহিউদ্দিন | গ্রাম: দলিয়ারপুর<br>ডাকঘর: গোপালপুর (৭২২০)<br>থানা/উপজেলা: দামুড়হুদা<br>জেলা: চুয়াডাঙ্গা | | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর<br>সিলেট সার্কেল, সিলেট সেনানিবাস |

০৪। জনস্বার্থে জারিকৃত এ অফিস আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(স্বাক্ষরিত) ২৪.৬.২৫

(শামীম আহম্মেদ)
মহাপরিচালক
ফোনঃ ৮৭১১৫১০
E-mail: dg@dmlc.gov.bd

নম্বর-২৩.২২.২৬০৮.০০০.০১১.১১.০০৫২.২৬-৬৪৩

তারিখঃ ১০ আষাঢ় ১৪৩৩ / ২৪ জুন ২০২৬

অনুলিপি অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৫। এসিডিএফ (সিভিল), ঢাকা সেনানিবাস।
৬। সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক ............................সার্কেল, .............. সেনানিবাস।
৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস।
৮। জনাব .........................................................................................।

(স্বাক্ষরিত) ২৪/৬/২০২৫

(তারিকুল আলম)
উপপরিচালক (প্রশাসন ও শিক্ষা)
ফোন: ৯৮৩৩৫২৮
E-mail: ddae@dmlc.gov.bd